



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : অধ্যক্ষ মহোদয়ের ০৬-০৮-২০১৬ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং- ৭১০৬) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে আপনার কলেজে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৬ হতে ৩০-০৬-২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করা হল। এর পরিপ্রেক্ষিতে কলেজের শিক্ষার্থীগণ ২০২২ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত নির্দিষ্ট বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সমন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

- ১) আবশ্যিক বিষয় সমূহ : বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)
- ২) নৈর্বাচনিক বিষয় সমূহ :

- ক) মানবিক বিভাগ : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজ কর্ম, সমাজ বিজ্ঞান।
- খ) ব্যবসায় শিক্ষা বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং পরিসংখ্যান।
- গ) বিজ্ঞান বিভাগ : পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত।


শর্তাবলী :

১. প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
২. উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
৩. যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
৪. শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
৫. কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
৬. কলেজে সীমানা প্রাচীর নির্মান ও অবকাঠামো উন্নয়ন করতে হবে।
৭. লাইব্রেরিতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৮. বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
৯. কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

অধ্যক্ষ

বঙ্গবন্ধু কলেজ

ডাক: করন্দী, শ্রীপুর, মাগুরা।


(মদন মোহন দাশ)

উপ-কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর।


ফোন-০৪২১-৬৬৫০৪

স্মারক নং- ক/অ/ ৭১১(৭)/১-৭

তারিখ : ২৬/৭/২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- ১ : সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২ : মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩ : জেলা প্রশাসক, মাগুরা।
- ৪ : পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫ : উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরা।
- ৬ : সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৭ : অফিস নথি।


উপ-কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।